# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৬৯) আল্লাহর ক্ষমতা সবার উপরে- হাদীছ থেকে এর দলীল কি?

উত্তরঃ হাদীছে এ বিষয়ের উপর যথেষ্ট দলীল রয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(أَعُوذُ بِكَ مِنْ شَرِّ كُلِّ دَابَّةٍ أَنْتَ آخِذٌ بِنَاصِيَتِهَا)

“হে আল্লাহ! আমি আপনার পৃথিবীর বুকে বিচরণকারী সকল প্রাণীর অনিষ্ট হতে আপনার নিকট আশ্রয় চাই। এগুলোর সবই আপনার পূর্ণ আয়ত্তাধীন”।[1] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরও বলেনঃ

(اللَّهُمَّ إِنِّي عَبْدُكَ وَابْنُ عَبْدِكَ وَابْنُ أَمَتِكَ نَاصِيَتِي بِيَدِكَ مَاضٍ فِيَّ حُكْمُكَ عَدْلٌ فِيَّ قَضَاؤُكَ)

“হে আল্লাহ! আমি আপনার বান্দা এবং আপনার এক বান্দা ও বান্দীর পুত্র। আমার কপাল আপনার হাতে। আমার উপর আপনার হুকুম কার্যকর হয়। আমার ব্যাপারে আপনার ফয়সালাই ইনসাফপূর্ণ”।[2] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দুআয়ে কুনূতে বলেতেনঃ

(إِنَّكَ تَقْضِي وَلاَ يُقْضَى عَلَيْكَ وَإِنَّهُ لاَ يَذِلُّ مَنْ وَالَيْتَ وَلاَ يَعِزُّ مَنْ عَادَيْتَ)

“কেননা আপনিই তো নির্ধারক, আপনার উপর কেউ নির্ধারণ করতে পারে না। আপনি যাকে বন্ধু হিসাবে গ্রহণ করেছেন কেউ তাঁকে অপমানিত করতে পারে না। আপনি যার শত্রুতা করেছেন সে কখনও সম্মানিত হতে পারে না”।[3] এ ছাড়াও আরো হাদীছ রয়েছে।

## ফুটনোট

[1] - সহীহ মুসলিম, অধ্যায়ঃ কিতাবুয্ যিক্র।

[2] - মুসনাদে আহমাদ, অধ্যায়ঃ কিতাবুদ্ দুআ।

[3] - নাসাঈ, অধ্যায়ঃ কিতাবুদ্ দুআ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11883

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন